

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.০০০.৬২৬.৫০.০০০২.২৫ নথির বিষয়ঃ Replacing damaged HDPE pipeline and reconnection of existing house connection line at Haruria.

নোটঃ ১ নোটের বিষয়ঃ Replacing damaged HDPE pipeline and reconnection of existing house connection line at Haruria কাজের অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৯/৫/২৫ ১১:৫৪ পূর্বাহ্ন

সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্টে ২ টি আয়রন রিমুভাল প্ল্যান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্ল্যান্টের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্ল্যান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুতা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য প্ল্যান্টের IRP#2 এর আওতাধীন হারুরিয়া গ্রামের পাইপ লাইন এলজিইউ, ঢাকা কর্তৃক গত ০৯/১১/২০২৪ ইং রাস্তার উন্নয়ন কাজ চলাকালীন সময়ে প্রায় ১২৫ মিটার ১১০ ডায়ার HDPE পাইপ লাইন ক্ষতিগ্রস্ত করে ফেলে। যার প্রেক্ষিতে নির্বাহী প্রকৌশলী, এলজিইউ, ঢাকা বরাবর ক্ষতিগ্রস্ত পাইপ লাইন মেরামতসহ অবশিষ্ট পাইপ লাইনের ক্ষতি নাকরে উন্নয়ন কাজ চলমান রাখার জন্য অনুরোধ করা হয়েছে (সংযুক্তিঃ ০৩)। বর্তমানে উক্ত এলাকায় লোকেশন ম্যাপের চিহ্নিত স্থানে লোকাল নেটওয়ার্কের মাধ্যমে পানি সরবরাহ বন্ধ আছে (সংযুক্তিঃ ০৫)। যার প্রেক্ষিতে আসন্ন শুষ্ক মৌসুমে পানি পানির চাহিদার জন্য উক্ত এলাকার গ্রামবাসী ক্ষতিগ্রস্ত পাইপ লাইন মেরামত করে পানি সরবরাহ চালু রাখার জন্য নির্বাহী প্রকৌশলী, সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট বরাবর পত্র দিয়েছেন (সংযুক্তিঃ ০৪)। অন্যথায় উক্ত এলাকায় শুষ্ক মৌসুমে জন অসন্তুষ্ট দেখা দিলে নিকটস্থ গভীর নলকূপ ২২১, ২২২ ও ২২৩ হতে পানি উৎপাদন বন্ধ করে দিতে হবে। ফলে প্ল্যান্টের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা ব্যাহত হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৯/৫/২৫ ১২:০৭ অপরাহ্ন

সেপ্রেক্ষিতে জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্ত পাইপ লাইনটি মেরামতসহ লোকাল হাউজ কানেকশন সংযোগ প্রদানের জন্য পূর্বানুমোদিত দরের (সংযুক্তিঃ ০৬) আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট টাঃ ২,৯৯,৭৬৮/- (টাকা দুই লক্ষ নিরানব্বই হাজার সাতশত আটশত্টি) মাত্র (সংযুক্তিঃ ০৭)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ২২ এর 'পানির লাইন রক্ষনাবেক্ষন' (কোড ০১-০৪-০০১) খাত (সংযুক্তিঃ ০১) হতে নির্বাহ করা হবে। যাহা অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৯৩ এ প্যাকেজ W106 এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তিঃ ০২)।

সংযুক্তিসমূহ (৭):

- ১। Revised Budget (2024-25).pdf
- ২। RAPP 2024-25 (12).pdf
- ৩। Letter to LGED (Savar).pdf
- ৪। Local People Application.pdf
- ৫। Location Map.pdf
- ৬। Approved Rate.pdf
- ৭। Estimate & Calculation.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৯/৫/২৫ ১২:১০ অপরাহ্ন



এমতাবস্থায়, অনুচ্ছেদঃ ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে “Replacing damaged HDPE pipeline and reconnection of existing house connection line at Haruria” শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর (৭৬) (১) ট ধারায় মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ -এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য অনুমোদন;

খ) উপস্থাপিত প্রাক্কলিত সর্বমোট টাঃ ২,৯৯,৭৬৮/- (টাকা দুই লক্ষ নিরানব্বই হাজার সাতশত আটশত্টি) টাকা মাত্র এর প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন এবং

গ) আলোচ্য কাজটি SKWP এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ২২ এর 'পানির লাইন রক্ষনাবেক্ষন' খাত হতে এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৯৩ এ প্যাকেজ W106 হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

আলোচ্য প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

 ১৯/৫/২৫ ১২:৪৬ অপরাহ্ন মোঃ আবুল কালাম আজাদ উপ-সহকারী প্রকৌশলী সাতার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট	 ১৯/৫/২৫ ৪:৪৯ অপরাহ্ন মোঃ সুমন আহমেদ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাতার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট	 ১৯/৫/২৫ ৫:৪৪ অপরাহ্ন মোঃ নাকিজ ইমতিয়াজ নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাতার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট	১৯/৫/২৫ ৫:৪৪ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
--	---	--	---

সনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২০/৫/২৫ ১২:২১ অপরাহ্ন

Approved.

 ২০/৫/২৫ ১২:৪৪ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২০/৫/২৫ ১২:৪৪ অপরাহ্ন মোঃ নাকিজ ইমতিয়াজ নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাতার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট
---	---

সনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২০/৫/২৫ ৩:২৩ অপরাহ্ন

কৃত চুক্তি সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করুন।

 ২০/৫/২৫ ৩:২৩ অপরাহ্ন মোঃ নাকিজ ইমতিয়াজ নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাতার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট	২০/৫/২৫ ৩:২৩ অপরাহ্ন মোঃ আবুল কালাম আজাদ উপ-সহকারী প্রকৌশলী সাতার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট
---	--